

১৬

দৈনিক সংবাদ

তারিখ ... ০৪ JUL 1995 ..  
পৃষ্ঠা ৩ কলাম ৫

**সভারে ৪ ছাত্র পরীক্ষা  
দিতে পারেনি, অধ্যক্ষ  
পালিয়েছে**

সভার (ঢাকা), ৭ই জুলাই, (নিজস্ব সংবাদদাতা)।- সভারের মির্জা গোলাম হাফিজ কলেজ পরিচালনা কমিটির অবহেলার কারণে চারজন এইচএসসি পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারেনি।  
ঐ কলেজের বিজ্ঞান বিভাগের চার জন  
সভার : পৃঃ ২ কঃ ৫

**সভার : অধ্যক্ষ  
পালিয়েছেন**

(১ম পৃষ্ঠার পর)

মেধাবী ছাত্র মোঃ বোরহানউদ্দিন, আল আমিন, মোঃ মায়হারুল ইসলাম ও মোরশেদ আলম যথারীতি পরীক্ষার ফি জমা দিয়েও এবার এইচএসসি পরীক্ষায় অংশ নিতে ব্যর্থ হয়েছে। কলেজ পরিচালনা কমিটি তাদের পরীক্ষার প্রবেশপত্র সরবরাহ করেনি। এরা সকলেই এ কলেজের নিয়মিত এবং মেধাবী ছাত্র হিসেবে সুপরিচিত। কেন ঐ চারজন ছাত্রের শিক্ষাজীবনের একটি বছর কর্তৃপক্ষের অবহেলার কারণে নষ্ট হল এ সম্পর্কে কর্তৃপক্ষ কিছুই না জানিয়ে ঐ ছাত্রদের ক্ষুব্ধ অভিভাবকদের কাছে লিখিতভাবে আশ্বাস দিয়েছেন, আগামী বছর ক্ষতিগ্রস্ত চারজনকে পরীক্ষার ব্যবস্থা কলেজ কর্তৃপক্ষের দায়িত্বে করা হবে এবং এজন্য তাদের সকল খরচ কর্তৃপক্ষ বহন করবে।

ঐ ছাত্রদের অভিভাবকদের কাছে লিখিতভাবে দোষ স্বীকার করেন এ কলেজের অধ্যক্ষ হারুনুর রশীদ, পরিচালনা কমিটির সদস্য জিন্নত আলী এবং বাংলা বিভাগের অধ্যাপক আবদুল হামিদ মোস্তা। এর পর থেকেই অধ্যক্ষ হারুনুর রশীদ আত্মগোপন করেন।